

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৫/১১/২০২১ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত কোর্সের ভর্তি কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ১৪ নভেম্বর, ২০২১ তারিখ থেকে শুরু হবে। আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) -এ প্রদর্শিত সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। প্রাথমিক আবেদনের সময়সূচী:

(ক) প্রাথমিক আবেদন ফরম পূরণ/প্রিন্টকপি সংগ্রহের তারিখ : ১৪/১১/২০২১ হতে ৩০/১১/২০২১ খ্রি.

(খ) প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুই শত পঞ্চাশ টাকা) কলেজের নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে (কলেজের facebook page এ জানানো হবে) আগামী ০১/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চায়ন করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর মোবাইল নম্বরে SMS প্রেরণ করা হবে।

২। আবেদনের যোগ্যতা:

(ক) বাংলাদেশের স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১৬/২০১৭/২০১৮ সালের এসএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে ২.০০ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে ২.০০ প্রাপ্ত হতে হবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

(খ) ২০১৬/২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে এ সকল প্রার্থীরা ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, কোর্সের নাম, মোবাইল নম্বর উল্লেখসহ ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল (deanug@nubd.info) আবেদন প্রেরণ করবে।

(গ) বিদেশী সাটিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি/এইচএসসি পর্যায়ে নম্বরপত্র সমতা নিরূপণ করা করা হলে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে এ সকল প্রার্থীরা ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, কোর্সের নাম, মোবাইল নম্বর উল্লেখসহ ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল (deanug@nubd.info) আবেদন প্রেরণ করবে।

(ঘ) স্নাতক (পাস), স্নাতক (সম্মান) পর্যায়ে রেজিস্ট্রেশনকৃত কোন প্রার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী ভর্তি বাতিল সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করা যাবে। দ্বিত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:

(ক) ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) -এ প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের (মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল তথ্য এন্ট্রি দিয়ে Submit Application অপশন নির্বাচন করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।

(ঘ) আবেদনকারীকে ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর প্রদান পূর্বক নিজের কাছে সংরক্ষণ করতে হবে।


অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। আহ্বায়ক, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১ম বর্ষ ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল।
- ৫। সংরক্ষণ নথি।